ডকেট নং... ০৪
তারিখঃ... 21.02.26
নথি নং...
কর্মকর্তার স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(নেজারত শাখা)
www.bogura.gov.bd

নম্বর-০৫.৫০.১০০০.০০৯.১৭.০০৩.২৬.২০০

তারিখ : ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# নিয়োগপত্র

জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর নেজারত শাখার ১৩ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দের ০৫.৫০.১০০০.০০৯.১৭.০০৩.২৪.৯৩৬ নং স্মারকে জারিকৃত ও প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী'র ০১/০২/২০২৬ খ্রিষ্টাব্দের ০৫.৪৩.০০০০.০১০.০২.০০৫.২৫.২২ নং স্মারক অনুযায়ী নিম্নলিখিত নিয়োগপ্রাপ্ত ব্যক্তির রাজস্ব খাতভুক্ত পদ ও বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

## পদের নাম: নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০)

| মেধাক্রম | রোল নম্বর | নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ১১০০০২২৭ | আমিনুল ইসলাম<br>পিতার নাম- জিয়ার উদ্দিন<br>মাতার নাম- আমেনা বেগম | গ্রাম- চর দলিকা<br>পোস্ট- তেলিগাড়ী<br>পোস্ট কোড-৫৮২৬<br>উপজেলা-সারিয়াকান্দি<br>জেলা- বগুড়া | গ্রাম- চর দলিকা<br>পোস্ট- তেলিগাড়ী<br>পোস্ট কোড-৫৮২৬<br>উপজেলা-সারিয়াকান্দি<br>জেলা- বগুড়া |

(০১) নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক দাখিলীয় সকল শিক্ষাগত যোগ্যতার সনদে কোনো ভুল বা অসামঞ্জস্য পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সনদ সম্পর্কিত কোনো তথ্যে গরমিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে;

(০২) চাকরিতে যোগদানের পরপরই নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম পূরণ করে জমা দিতে হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গরমিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(০৩) তাকে ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে উক্ত শিক্ষানবিশকাল আরও ০২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবে;

(০৪) শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(০৫) চাকরিতে ইস্তফা প্রদানে ০১(এক) মাসের নোটিশ অথবা ০১(এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(০৬) তাকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে;

(০৭) যদি তিনি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন এবং তার ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(০৮) কোনো সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) পত্র গ্রহণপূর্বক জমা দিতে হবে;

(০৯) সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(১০) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নেবেন না এবং কোনো যৌতুক দেবেন না;

(১১) The Government servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সংবলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(১২) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(১৩) সংশ্লিষ্ট পদে যোগদানের জন্য সিভিল সার্জন, বগুড়া-এর নিকট হতে স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থতার সনদপত্র ও ডাক্তারের টেস্ট রিপোর্ট এর সাথে ডোপ টেস্টের রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

চলমান পাতা-০২

(১৪) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(১৫) চাকরিতে যোগদানের জন্য তাকে কোনো প্রকার দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না; এবং

(১৬) উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তাকে ১০/০২/২০২৬ খ্রিষ্টাব্দে জেলা প্রশাসক, বগুড়া বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

02/02/26

(মোঃ তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
বগুড়া
ফোন :০২৫৮৯৯০০০২০(অ.)
e-mail : dcbogura@mopa.gov.bd

নম্বর-০৫.৫০.১০০০.০০৯.১৭.০০৩.২৬.২০০ (২৫)

তারিখ : ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড।
৪। পুলিশ সুপার, বগুড়া।
৫। সিভিল সার্জন, বগুড়া।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৭। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(উ. ও মা.স. ব্য.)/(সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
১০। এনডিসি/আরডিসি/এলএও/জিসিও, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
১১। সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
১৫। জনাব আমিনুল ইসলাম, পিতার নাম- জিয়ার উদ্দিন, মাতার নাম- আমেনা বেগম, গ্রাম- চর দলিকা, পোস্ট- তেলিগাড়ী, উপজেলা-সারিয়াকান্দি , জেলা- বগুড়া।
১৬। অফিস কপি/ব্যক্তিগত নথি।

02/02/26

জেলা প্রশাসক
বগুড়া